# উপজেলা পরিষদ

## কটিয়াদী কিশোরগঞ্জ।

### উপজেলা পরিষদের ~~অক্টোবর~~ নভেম্বর/২২ খ্রিঃ মাসের ৩৫ তম মাসিক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোহাম্মদ মুশতাকুর রহমান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কটিয়াদী, কিশোরগঞ্জ

সভার তারিখ ঃ ২৪ নভেম্বর, ২০২২ খ্রিঃ, সময় ঃ সকাল ১১-০০ ঘটিকা ।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট " ক "

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, কটিয়াদীকে অনুরোধ জানালে তিনি বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে দৃঢ়করণ করা হয়। সভার আলোচ্যসূচী মোতাবেক নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ।

| বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশল বিভাগ (এলজিইডি) | ১. উপজেলা প্রকৌশলী বলেন, ২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর(এডিপি) অধীনে প্রকল্প গ্রহনের লক্ষ্যে ০৯টি ইউনিয়ন পরিষদ থেকে প্রকল্প তালিকা পাওয়া গেছে। প্রকল্প সমূহ পরীক্ষা পূর্বক প্রকল্প বাছাই কমিটিতে অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে। | ১. প্রাপ্ত প্রকল্প তালিকা হতে প্রকল্প গ্রহনের জন্য জরুরীভিত্তিতে প্রকল্প বাছাই কমিটির সভা আহবান করতে হবে। | উপজেলা প্রকৌশলী কটিয়াদী, কিশোরগঞ্জ |
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন, কোভিড-১৯ টিকা প্রদান কার্যক্রম হাসপাতালে নিয়মিত প্রদান করা হচ্ছে। নভেম্বর/২২ পর্যন্ত ১ম ডোজ টিকা প্রদান ৩১২৬৫৮ জনকে এবং ২য় ডোজ ২,৭১,৭৯১ জনকে এবং ৩য় ডোজ টিকা প্রদান ১,৮৭০২১ জনকে সম্পন্ন হয়েছে। তিনি আরো বলেন, কটিয়াদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সটি ১০০ শয্যায় উন্নীত করণে নির্মান কাজ চলছে। তার বিভাগীয় কাজকর্ম সুষ্ঠুভাবে চলছে । কোন সমস্যা নেই বলে সকলকে অবহিত করেন। | চলমান ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, কটিয়াদী |
| উপজেলা কৃষি বিভাগ | (ক) উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, "প্রতি ইঞ্চি জায়গা আবাদ করতে হবে" মাননীয় প্রধানমন্ত্রীর এই নির্দেশনা বাস্তবায়নে উপজেলাস্থ সকল সরকারী, বেসরকারী অফিস, শিক্ষা প্রতিষ্ঠানের আঙ্গিনায় পতিত জমি আবাদের আওতায় নিয়ে আসতে হবে।<br>(খ) তিনি আরো বলেন, উপজেলা কৃষি প্রশিক্ষন হলরুমের সামনে প্রায় ৩০ ফুট রাস্তা বর্ষাকালে কাদাময় হয়ে চলাচলের অযোগ্য হয়ে যায়। উক্ত রাস্তাটুকু পাকাকরণের জন্য সভাকে অনুরোধ জানান। | (ক) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নের ব্যবস্থা গ্রহনের জন্য জনপ্রতিনিধিদেরকে অনুরোধ জানানো হয়।<br>(খ) উপজেলা কৃষি হলরুমের সামনের রাস্তাটির প্রাক্কলন প্রস্তুত করতে হবে। | (ক) উপজেলা কৃষি কর্মকর্তা ও জনপ্রতিনিধিগন কটিয়াদী<br>(খ) উপজেলা প্রকৌশলী, কটিয়াদী |
| উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন, মাঠ পর্যায়ে Livestock Farmer Field School(LFFS) এর মাধ্যমে খামারীদেরকে উৎপাদন বৃদ্ধিমূলক নতুন নতুন প্রযুক্তি প্রদান করা হবে। তিনি আরো বলেন, NATP প্রকল্পের আওতায় ১৯টি সিআইজি খামারীদের মধ্যে গবাদিপশুর কৃমিমুক্তকরন কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া, প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের আওতায় খামারীদের মাঝে ২৫০০ টি পাকচং ঘাসের কাটিং বিতরণ করা হয়। | উপজেলা প্রানিসম্পদ দপ্তরের উন্নয়নের এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা, কটিয়াদী |
| উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন, তার দপ্তরের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে, কোন সমস্যা নেই। | চলমান এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, কটিয়াদী |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| উপজেলা ত্রাণ ও পুনর্বাসন শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন, ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার(কাবিখা/কাবিটা) কর্মসূচীর আওতায় ১ম পর্যায়ের আওতায় বরাদ্দকৃত নগদ টাকা, চাল ও গমের প্রকল্প তালিকার অনুমোদন পত্র পাওয়া গেছে। অনুমোদিত প্রকল্পগুলির কাজ চলমান আছে। গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষন(টিআর) কর্মসূচীর আওতায় ১ম পর্যায়ের আওতায় বরাদ্দকৃত টাকার দাখিলকৃত প্রকল্প তালিকার অনুমোদন হয়েছে। অনুমোদিত প্রকল্পগুলির কাজ চলমান আছে। | অনুমোদিত প্রকল্পগুলির কাজ বিধি মোতাবেক সম্পন্ন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কটিয়াদী |
| উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন, ভিডব্লিওবি চক্র ২০৩-২৪ চক্রের অনলাইন আবেদন ২৫/১১/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত করা যাবে। কটিয়াদী উপজেলায় ১২৫৬টি কার্ডের বিপরীতে ২৪/১১/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত ০৯টি ইউনিয়নে ৭৬৪০টি আবেদন জমা হয়েছে। তিনি আরো বলেন, আইজিএ প্রকল্পের আওতায় ১৮তম ব্যাচের প্রশিক্ষনার্থী বাছাই পূর্বক প্রশিক্ষন চলমান রয়েছে। | ভিডব্লিওবি প্রকল্পের কার্যক্রম বিধি মোতাবেক বাস্তবায়ন করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কটিয়াদী |
| উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা কর্মকর্তা বলেন, আমাদের বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে স্কুল ম্যানেজিং কমিটি গঠন প্রক্রিয়া চলছে। এ ব্যাপারে উপজেলা চেয়ারম্যান মহোদয় এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সুদৃষ্টি আকর্ষন করছি যাতে কমিটিগুলো শান্তিপূর্ণভাবে হয়। তিনি আরো বলেন, ২০২৩ সালের পাঠ্যপুস্তক সরকারিভাবে পাঠানো শুরু হয়েছে। আমাদের নিজস্ব গোডাউন না থাকায় ০২নং কটিয়াদী সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ষ্টক করি। বইয়ের রাত্রিকালীন নিরাপত্তার জন্য উপজেলা চেয়ারম্যান মহোদয়, উপজেলা নির্বাহী অফিসার মহোদয় ও অফিসার ইনচার্জ মহোদয়ের সুদৃষ্টি কামনা করছি। | বিধি মোতাবেক কমিটি গঠন ও সরকারী বই বিতরণ বাস্তবায়ন করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, কটিয়াদী |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | অনুপস্থিত থাকায় এ দপ্তরের কোন কার্যক্রম সম্মন্ধে জানা যায়নি। | | |
| উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন, তার দপ্তরের বিভিন্ন পদ্ধতির কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। কোন সমস্যা নেই। | চলমান ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কটিয়াদী |
| উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, অত্র বিভাগের আওতাধীন ২৮টি বিভাগীয় প্রাথমিক সমবায় সমিতি লিঃ এর ২০২১-২২ অর্থ বছরে ধার্যকৃত নিরীক্ষা ফি ২৮,৩০০/- টাকা, ভ্যাট ৪,২৫২/- টাকা ও সমবায় উন্নয়ন তহবিল ৮,৪৫৯/- টাকা। সর্বমোট ৪১,০১১/- টাকা আদায় করে সংশ্লিষ্ট খাতে পরিশোধ করা হয়েছে। ২০২১-২২ অর্থ বছরে অত্র বিভাগীয় ৮০টি সমবায় সমিতি অডিটযোগ্য নির্ধারন করা হয়, তন্মধ্যে ৩৬টি সমিতির অডিট কার্যক্রম সম্পন্ন করা হয়েছে এবং নিরীক্ষা কার্যক্রম চলমান রয়েছে। পরিদর্শন ও তদারকীসহ অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | চলমান ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, কটিয়াদী |
| উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা(চঃদাঃ) বলেন, ঋণ বিতরণ ও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। বিতরণ ও আদায় সন্তোষজনক। প্রশিক্ষণ কার্যক্রম বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে চলতি মাস থেকে চলমান হবে। | চলমান ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কটিয়াদী |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, তার দপ্তরে চলমান, (১) আবর্তক কর্মসূচীর ঋণ কার্যক্রম (২) সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচীর ঋণ কার্যক্রম (৩) পল্লী প্রগতি প্রকল্পের ঋণ কার্যক্রম (৪) বীর মুক্তিযোদ্ধা প্রকল্পের ঋণ কার্যক্রম (৫) অপ্রধান শস্য প্রকল্পের ঋণ কার্যক্রম ও (৬) কোভিড-১৯ প্রনোদনা ঋণ কার্যক্রম চলমান আছে। কার্যক্রমে কোন সমস্যা নেই। ঋণ আদায়ের হার সন্তোষজনক। | চলমান ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কটিয়াদী |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য) বলেন, "পানি সরবরাহে আর্সেনিক ঝুকি নিরসন" প্রকল্পের আওতায় কটিয়াদী উপজেলায় সকল ইউনিয়নে আর্সেনিক স্ক্রিনিং কার্যক্রম চলমান আছে। Pedp-4 এবং GPS প্রকল্পের আওতায় প্রাথমিক বিদ্যালয় সমূহে Wash Block নির্মাণ কাজ এবং TSP নির্মাণকাজ চলমান আছে। | চলমান কার্যক্রম যথাযথভাবে তদারকী করতে হবে। | সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য) কটিয়াদী |
| উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা বলেন, সর্বোচ্চ বয়সের ভিত্তিতে বয়সের কারণে বাতিল ভাতাভোগীর স্থলে ভাতাভোগী প্রতিস্থাপন করা হয়েছে। অনলাইন আবেদনে তীব্র, মাঝারি ও মৃদু প্রতিবন্ধীদের তালিকা ক্রমান্বয় করে তীব্র, মাঝারি আবেদনকারীদের অগ্রাধিকার দিয়ে প্রতিবন্ধীভাতা বিতরণের জন্য কাজ চলমান আছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিধি মোতাবেক ভাতাভোগী নির্বাচন করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কটিয়াদী |
| উপজেলা তথ্যসেবা কেন্দ্র | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা বলেন, তথ্যকেন্দ্রের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিনামূল্যে ভিডব্লিওবি আবেদন, আইজিএ আবেদন, অনলাইন আবেদনসহ স্বাস্থ্যসেবা কার্যক্রম অব্যাহত আছে। ডোর টু ডোর তথ্যসেবা সহকারীরা ৬০০ এর অধিক সেবাগ্রহীতাকে বিভিন্ন সেবা দিয়ে যাচ্ছে। ডায়াবেটিস, প্রেসার, ওজন, উচ্চতাসহ বিভিন্ন তথ্যসেবা প্রদান করা হচ্ছে। নভেম্বর/২২ মাসে ০১টি উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে। | চলমান ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকৌশলী, কটিয়াদী |
| বিবিধ আলোচনা | (ক) উপজেলা প্রকৌশলী বলেন, চলতি মাসে উপজেলা পরিষদ জীপগাড়ীর বিভিন্ন ত্রুটি সারানো বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয় বিধি মোতাবেক উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের অনুমোদন প্রয়োজন।<br>(খ) উপজেলা প্রকৌশলী বলেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর বাসভবনের একটি বাথরুম ব্যবহার অনুপযোগী হয়ে যাওয়ায় ২৫০০০/- টাকা ব্যয়ে মেরামত করা হয়েছে। উক্ত ব্যয় বিধি মোতাবেক উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের অনুমোদন প্রয়োজন। | (ক) উপজেলা রাজস্ব তহবিল থেকে উক্ত ব্যয় পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) উপজেলা রাজস্ব তহবিল থেকে উক্ত ব্যয় পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, কটিয়াদী |

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন ।

২৪/১১/২২

(মোহাম্মদ মুশতাকুর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কটিয়াদী, কিশোরগঞ্জ।



CamScanner

স্মারক নং- ০৫.৪১.৪৮৫৪.০০১.৩০.২১-     তারিখ ঃ ২৪ ডিসেম্বর ২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

০১. মন্ত্রি পরিষদ সচিব, মন্ত্রি পরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০২. মাননীয় জাতীয় সংসদ সদস্য, কিশোরগঞ্জ-১ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, কটিয়াদী।
০৩. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৫. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
০৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ।
০৭. মেয়র, কটিয়াদী পৌরসভা, কিশোরগঞ্জ।
০৮. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কটিয়াদী।
০৯. উপজেলা..................................কর্মকর্তা, কটিয়াদী, কিশোরগঞ্জ ।
১০. চেয়ারম্যান, ............................( সকল)ইউনিয়ন পরিষদ, কটিয়াদী।
১১. অফিস নথি ।

24/12/22

উপজেলা নির্বাহী অফিসার
কটিয়াদী, কিশোরগঞ্জ।